আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের পিছনে এক মহিলার জানাযার সালাত আদায় করেছি যিনি নিফাস অবস্থায় মারা গিয়েছিল। তিনি তার জানাযার ঠিক মাঝখানে দাঁড়িয়েছিলেন।

সামুরা ইবন জুনদাব রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের পিছনে এক মহিলার জানাযার সালাত আদায় করেছি যিনি নিফাস অবস্থায় মারা গিয়েছিল। তিনি তার জানাযার ঠিক মাঝখানে দাঁড়িয়েছিলেন”।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

নারী হোক বা পুরুষ, ছোট হোক বা বড় হোক সকল মুসলিম মৃত ব্যক্তির ওপর জানাযার সালাত আদায় করা ওয়াজিব। সামুরা ইবন জুনদুব রাদিয়াল্লাহু ‘আনহু সংবাদ দেন যে, তিনি নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লামের পিছনে এক মহিলার জানাযার সালাত আদায় করেছেন যিনি নিফাস অবস্থায় মারা গিয়েছিল। তিনি মাইয়্যেতের ঠিক মাঝখানে দাঁড়িয়েছিলেন।

https://sunnah.global/hadeeth/bn/show/5209